

নিম্নলিখিত শর্ত  
 প্রদানের ক্ষেত্রে  
 website ২ মাস  
 ২২/০৪/২৪  
 ডিমে সাপোর্ট  
 পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় রংপুর বিভাগ, রংপুর-৫৪০০১



"ডাক সেবার আধুনিকায়ন  
 গ্রাম-পত্রের সফলতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় রংপুর বিভাগ, রংপুর-৫৪০০১

স্মারক নং: ১৫৩১.৮৫০০.৩৪২.০৬.০০১.২৪

তারিখ: রংপুর ২১/০৪/২০২৪ খ্রি:।

**উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি বিজ্ঞপ্তি**

নীলফামারী জেলার ডিমলা উপজেলা ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তি/নিয়োজনের লক্ষ্যে ডিমলা উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	উপজেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মতব্য
১	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস	ডিমলা, নীলফামারী	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ম্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্রবিরোধী বা খোঁজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনবাহুব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। (জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধাতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

**শর্তাবলী:**

- আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯। (আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)
- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
- প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেডিট গ্রহণযোগ্য নয়।
- অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।
- ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাপত্র যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
- খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃংখল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয় নিকট হতে প্রত্যয়নপত্র।
- গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

চনমান গাভা

- ০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সং, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োজনের ক্ষেত্রে নিয়োজনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/আউট সোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- ১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/অচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
- ১২। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
- ১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

স্বঃ!  
(সুজন রায়)  
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।  
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।  
ও  
সদস্য সচিব  
উদ্যোক্তা নিয়োজন কমিটি।

তারিখ: রংপুর ২১/০৪/২০২৪খ্রি:।

স্মারক নম্বর: ১৪.৩১.৮৫০০.৩৩২.০৬.০০১,২৪

- সদয় জ্ঞাতার্থে এবং বহল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ
- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
  - ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ডিমলা, নীলফামারী।
  - ৩। উপজেলা চেয়ারম্যান, ডিমলা, নীলফামারী।
  - ৪। উপজেলা পোস্টমাষ্টার, ডিমলা, নীলফামারী।
  - ৫। তথ্য অফিসার, ডিমলা উপজেলা, নীলফামারী।
  - ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ডিমলা, নীলফামারী।
  - ৭। ইউপি চেয়ারম্যান (সকল), ডিমলা উপজেলা, নীলফামারী।
  - ৮। ইউপি সচিব (সকল), ডিমলা উপজেলা, নীলফামারী।
  - ৯। নোটিশ বোর্ড, -----।
  - ১০। অফিস কপি।

স্বঃ!  
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।  
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।  
ও  
সদস্য সচিব  
উদ্যোক্তা নিয়োজন কমিটি।